

## 🗏 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪: ৪৬

## আরবি মূল আয়াত:

## بَلِ السَّاعَةُ مَوعِدُهُم وَ السَّاعَةُ اَدهٰى وَ اَمَرُّ ﴿ ٢٤﴾

## 🗚 আনুবাদসমূহ:

বরং কিয়ামত তাদের প্রতিশ্রুত সময়। আর কিয়ামত অতি ভয়ঙ্কর ও তিক্ততর। — আল-বায়ান বরং কিয়ামত হল (তাদের দুষ্কর্মের প্রতিশোধ নেয়ার জন্য) তাদেরকে দেয়া নির্ধারিত সময়, কিয়ামত অতি কঠিন, অতিশয় তিক্ত। — তাইসিরুল

অধিকন্ত কিয়ামাত তাদের শাস্তির নির্ধারিত কাল এবং কিয়ামাত হবে কঠিনতর ও তিক্ততর। — মুজিবুর রহমান

But the Hour is their appointment [for due punishment], and the Hour is more disastrous and more bitter. — Sahih International

- ৪৬. বরং কিয়ামত তাদের শাস্তির নির্ধারিত সময়। আর কিয়ামত হবে কঠিনতর ও তিক্ততর(১);
  - (১) আয়েশা রাদিয়াল্লাহু আনহা বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর এ আয়াত নাযিল হয়েছিল তখন আমি এত ছোট ছিলাম যে, খেলা-ধুলা করতাম। [বুখারী: ৪৮৭৬]

তাফসীরে জাকারিয়া

- (৪৬) বরং কিয়ামত তাদের শাস্তির নির্ধারিতকাল। আর কিয়ামত হবে কঠিনতর ও তিক্ততর। [1]
  - [1] مَرَارَةٌ শব্দটি أَمَرُ الْكَةُ থেকে গঠিত। কঠিন অপমানকারী। أَمُو الْكَةُ শব্দটি أَمْرُ থেকে গঠিত, অতি তিক্ত। অর্থাৎ, দুনিয়াতে এদেরকে যে হত্যা এবং বন্দী ইত্যাদি করা হয়েছে, এটাই এদের শেষ শাস্তি নয়, বরং এর থেকেও আরো অনেক কঠিন শাস্তি তাদেরকে কিয়ামতের দিন দেওয়া হবে, যার প্রতিশ্রুতি এদের সাথে করা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4892

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন